জেলা আইসিটি বিষয়ক কমিটির মার্চ-২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	আবু নাছের ভূঁঞা, জেলা প্রশাসক, নাটোর
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর
তারিখ	:	১৮ মার্চ, ২০২৪ খ্রি.
সময়	:	সকাল ১১:৩০ টা
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

জেলা আইসিটি কমিটির সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির আহবানে সদস্য সচিব সভায় বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভার কাজ শুরু করেন । অতঃপর পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	ডি-ফাইল (নথি) সিস্টেম সংক্রান্ত	সভাপতি সদস্য সচিবের নিকট ডি-ফাইলিং-এর অবস্থা সম্পর্কে জানতে চাইলে তিনি জানান, ডি-ফাইলিং এর আপডেটের কাজ শেষ হয়েছে এবং সব অফিসে ডি-ফাইলিং চালু হয়েছে । ডি-ফাইলিং বাস্তবায়নের জন্য প্রতিটি সরকারি অফিসকে ট্রেনিং প্রদান করতে হবে। সম্পূর্ণ নতুন ভার্সন হওয়াতে অনেকের বুঝতে সমস্যা হচ্ছে। ইতোমধ্যে জুম অনলাইন ট্রেনিং এর মাধ্যমে দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরো একটি প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গিয়েছে বিধায় প্রশিক্ষণটি দ্রুত সম্পন্ন করতে সভাপতি প্রোগ্রামার, নাটোরকে নির্দেশনা প্রদান করেন। প্রতিদিন অনেক সরকারি দপ্তর আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয় নাটোর হতে ডি-ফাইল বিষয়ক সেবা গ্রহণ করছেন মর্মে প্রোগ্রামার, নাটোর সভাপতি মহোদয়কে অবহিত করেন।	ডি-ফাইল (নথি) এর কার্যক্রমে গতিশীলতা আনয়ণের জন্য প্রশিক্ষণ পরিচালনা ও মনিটরিং এবং সকল সহকারী প্রোগ্রামারদের কাজ করতে হবে।	১. প্রোগ্রামার, নাটোর। ২. সহকারী প্রোগ্রামার (সকল) নাটোর।
২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	সভাপতি নাটোর জেলায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার, নাটোর জানান প্রতিটি ল্যাবে একজন করে ল্যাব সহকারী নিযুক্ত রয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সহকারী প্রোগ্রামারের কাছে ল্যাবের মালামাল সঠিক আছে মর্মে প্রত্যয়নের জন্য আবেদন করেছে। আতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা শিক্ষা অফিসের সহকারী প্রোগ্রামার এর নিকট প্রতি সপ্তাহে ল্যাবগুলো ভিজিট করা হয় কিনা এবং মালামাল ঠিক আছে কিনা জানতে চাইলে প্রোগ্রামার নাটোর জানান তারা প্রতি সপ্তাহে ল্যাবগুলো ভিজিট করছেন এবং যেসব সমস্যা দেখা দেয় তা তারা সমাধান করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা শিক্ষা অফিসের সহকারী প্রোগ্রামারের নিকট পরবর্তী সভায় শেখ রাসেল ডিজিটাল	শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষকগণকে আইসিটি বিষয়ে দক্ষ করে গড়ে তুলতে নির্দেশনা প্রদান করেন এবং ল্যাবের যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে।	১. প্রোগ্রামার, নাটোর, জেলা ২. শিক্ষা কর্মকর্তা, নাটোর, ৩. সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		ল্যাবের ভিজিটিং রিপোর্ট উপস্থাপন করতে বললে তিনি জানান পরবর্তী মাস থেকে কতগুলো ল্যাব ভিজিট করা হলো তা উপস্থাপন করা হবে। সভাপতি নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং পুলিশ লাইন্স স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব অগ্রাধিকার ভিত্তিতে স্থাপন করতে বললে প্রোগ্রামার, নাটোর জানান সরকারি স্কুলে ইতিমধ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে এবং পুলিশ লাইন্স স্কুলে ইডিসি প্রকল্পের মাধ্যমে তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। খুব দ্রুতই পুলিশ লাইন্স স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে।		
৩	ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত	ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত ইনফো সরকার-৩ প্রকল্পের মাধ্যমে স্থাপিত সার্ভার রুম সম্পর্কে উপ-পরিচালক, স্থানীয় সরকার সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন ইন্টারনেট কানেক্টিভিটির জন্য সার্ভাররুম গুলো খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু সার্ভারগুলো ঠিকমত রক্ষণাবেক্ষণ করা হচ্ছে না। এ বিষয়ে সভাপতি মহোদয় প্রোগ্রামার, নাটোর কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং সচিব উক্ত বিষয়টি যথাযথভাবে দেখভাল করবেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর; উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), প্রোগ্রামার, নাটোর।
৪	উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা সংক্রান্ত	সভায় প্রোগ্রামার, নাটোর জানান প্রতি মাসের ০৩ তারিখের মধ্যেই পূর্ববর্তী মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করা আবশ্যক। উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণসহ নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিতকরণের জন্য সহকারী প্রোগ্রামার (সকল) এবং প্রোগ্রামার, নাটোরকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সকল উপজেলা গুলোতে নিয়মিত সভা করতে সভাপতি অনুরোধ করেন। উপজেলা আইসিটি সভার কার্যবিবরণী অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নাটোর বরাবর পাঠানোর নির্দেশনা প্রদান করেন। উপজেলা পর্যায়ের আইসিটি কমিটির সভা নিয়মিত করা হচ্ছে।	নিয়মিত সভা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর।
৫	ওয়েব পোর্টাল সংক্রান্ত	সভাপতি জেলার ওয়েব পোর্টাল সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার, নাটোর জানান যে, এ কার্যালয়ের তথ্য শতভাগ আপডেটেড রয়েছে। সভাপতি সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ ওয়েব সাইট শতভাগ আপডেট আছে কিনা তা যাচাই করে দেখার জন্য স্ব স্ব দপ্তরকে নির্দেশনা প্রদান করেন। স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট অবশ্যই শতভাগ হালনাগাদ	জেলার সকল সরকারি দপ্তরের পোর্টাল হালনাগাদ রাখতে হবে এবং নিয়মিত তথ্য আপলোড করতে	প্রোগ্রামার, নাটোর এবং সহকারী প্রোগামার (সকল) তথ্য ও যোগাযোগ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, অনেক দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য আপডেট নাই এবং স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ করার বিষয়ে বললে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আসিটি) বলেন প্রতিটি দপ্তরকে তার নিজ নিজ তথ্য ওয়েব সাইটে অবশ্যই প্রকাশ করতে হবে। এক্ষেত্রে ওয়েব পোর্টাল আপডেটেড রাখার বিষয়ে যেকোন সহযোগিতার প্রয়োজন হলে প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় নাটোর এর সাথে যোগাযোগ করতে নির্দেশনা প্রদান করেন।	হবে।	প্রযুক্তি অধিদপ্তর, জেলা এবং উপজেলা কার্যালয়, নাটোর।
৬	বিবিধ	বিবিধ আলোচনায় প্রোগ্রমার, নাটোর জানান যে, জেলা পর্যায়ের সরকারি অফিসসমুহে ডি-নথি বাস্তবায়নের লক্ষ্যে দিনব্যাপী অনলাইনে প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গিয়েছে। তালিকা প্রস্তুতের কাজ চলছে দ্রুতই জেলা প্রশাসক নাটোর মহোদয় এবং এটুআই এর সাথে আলোচনা করে প্রশিক্ষণটি সম্পন্ন করা হবে।	দ্রুত প্রশিক্ষণটি সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রোগ্রামার, নাটোর।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৩/২০২৪

(আবু নাছের ভূঁঞা)
জেলা প্রশাসক
নাটোর।
ফোনঃ ০২৫৮৮৮৭৩৭৪১ (অফিস)
ইমেইল-dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নাটোর।
www.doict.natore.gov.bd

স্মারক সংখ্যা : ৫৬.০৪.৬৯০০.০০০.০৬.০০১.১৯.১৫৬

তারিখ : ০৭ ফাল্গুন, ১৪৩০ বাংলা
২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
০৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৫. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা (মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পুলিশ সুপার, নাটোর
০২. সিভিল সার্জন, নাটোর
০৩. প্রধান নির্বাহী, জেলা পরিষদ, নাটোর
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর
০৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নাটোর
০৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর
০৮. জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর
০৯. উপ-পরিচালক, সমাজসেবা অফিস, নাটোর
১০. অধ্যক্ষ, এন.এস. কলেজ, নাটোর
১১. অধ্যক্ষ, নাটোর সরকারি মহিলা কলেজ, নাটোর
১২. জেলা শিক্ষা অফিসার, নাটোর
১৩. সহকারী প্রকৌশলী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, নাটোর
১৪. প্রধান শিক্ষক, নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর
১৫. অধ্যক্ষ নাটোর কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট, নাটোর
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর
১৭. ইনচার্জ, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর
১৮. ডেপুটি ম্যানেজার, ফাইবার এট হোম, নাটোর
১৯. ব্যবস্থাপনা পরিচালক, নাটোর সফট, নাটোর
২০. জেলা কো-অর্ডিনেটর CRI-Young Bangla, নাটোর
২১. প্রোপ্রাইটর, টেকপ্লাস কম্পিউটার, নাটোর
২২. .....নাটোর

স্বাক্ষরিত
(মোঃ সেলিম হোসেন)
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নাটোর।
ফোন-০২৫৮৮৮৭৩৩৪৩
programmer.natore@gmail.com